



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২১-২০৮

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭ বং
১১ মার্চ ২০২১ খ্রি:

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১ সালের দাখিল স্তরের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (e-SIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দাখিল স্তরের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ২০২১ সালে দাখিল স্তরের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার রেজিস্ট্রেশন e-SIF (Electronic Student Information Form) পদ্ধতিতে সম্পন্ন করা হবে।

জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য বিগত ২০২০ সালে দাখিল পরীক্ষার e-SIF এর পাসওয়ার্ড ব্যবহার করা যাবে। নতুন পাসওয়ার্ড সরবরাহ করা হবে না। নতুন দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদান অনুমতি প্রাপ্ত মাদ্রাসা প্রধানগণ বোর্ডে আবেদন করে পাসওয়ার্ড সংগ্রহ করবেন। বোর্ড কর্তৃক দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদান অনুমতিবিহীন মাদ্রাসাসমূহ দাখিল স্তরের ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন করতে পারবেন না।

টটলিস্ট প্রস্তুত ও সংরক্ষণ (সংযুক্ত নমুনা ছক অনুযায়ী):

- ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের তথ্যের মূল ভিত্তি হলো জেডিসি/জেএসসি রেজিস্ট্রেশন। এখানে যেভাবে তার নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি তথ্য এন্ট্রি করা হবে পরবর্তীতে দাখিল/এস.এস.সি./আলিম/এইচ.এস.সি. এবং উচ্চতর শিক্ষার সকল ক্ষেত্রে এই তথ্য অপরিবর্তিত এবং বহাল থাকবে। সুতরাং জেডিসি রেজিস্ট্রেশনে সকল শিক্ষার্থীর সঠিক ও নির্ভুল তথ্য এন্ট্রি নিশ্চিত করতে হবে।
- সাধারণতঃ মাদ্রাসার ভর্তি রেজিস্ট্রারসহ অন্যান্য সকল ক্ষেত্রেই শিক্ষার্থীদের বাংলা নাম ব্যবহার করা হলেও অনলাইন রেজিস্ট্রেশনে সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক; সুতরাং শিক্ষার্থীদের টটলিস্ট প্রস্তুতের সময় অবশ্যই ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকবৃন্দের নিকট থেকে নামের সঠিক ইংরেজি বানান নিশ্চিত হয়ে টটলিস্ট প্রস্তুত করতে হবে। কেননা একই পিতা-মাতার অন্যান্য সন্তানের শিক্ষা সনদে ব্যবহৃত ইংরেজি নামের সংগে মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীর সনদের নামের ভুল থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরনের জটিলতা এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের সহায়তায় একটি টটলিস্ট প্রস্তুত করে নির্ভুলভাবে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

রেজিস্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলী

১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

ক্রমিক	বিষয়	তারিখ
ক)	বিলম্ব ফি ছাড়া (ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী) ফি জমা দেয়ার তারিখ	১৫/০৩/২০২১ থেকে ১৮/০৪/২০২১ পর্যন্ত
খ)	বিলম্ব ফি সহ (ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী) ফি জমা দেয়ার তারিখ	১৯/০৪/২০২১ থেকে ০২/০৫/২০২১ পর্যন্ত
গ)	T.T. জমা করার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের e-SIF (Electronic student Information Form) Submission (On Line এ জমাদান)/ এন্ট্রি শুরু করা যাবে। (নির্ধারিত তারিখের পর e-SIF Submission সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না)। এ বিষয়ে কোন সমস্যা হলে T.T. কৃত সোনালী ব্যাংক এর সাথে যোগাযোগ করে সোনালী ব্যাংক বি,এম,ই,বি শাখার মাধ্যমে সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	e-SIF পূরণ ও Submission করার সর্বশেষ তারিখ ০৬/০৫/২০২১ পর্যন্ত
ঘ)	ক্রমিক ০৩ নং এর আলোকে প্রস্তুতকৃত কাগজ পত্র জমা করার সর্বশেষ তারিখ	১৬/০৫/২০২১

২. e-SIF (Electronic student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী:

একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার Temporary প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর মাদ্রাসা প্রধান **Confirm Password** ব্যবহার করবেন। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদ্রাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/অঞ্চলে জমা দিতে হবে। অন্য কপি মাদ্রাসা প্রধান সংরক্ষণ করবেন। e-SIF এর ফটোকপি গ্রহণযোগ্য নয়।

৩. মাদ্রাসা প্রধানগণ T.T. জমা করার রশিদের ফটোকপি (সত্যায়িত), টটলিস্ট, e-SIF কপি ও স্বস্থ মাদ্রাসা প্যাডে আবেদনসহ নমুনা ছক মোতাবেক ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদ্রাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ টটলিস্টের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ দিনের মধ্যে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

৪. দাখিল স্তরের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত ২০২১ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের বয়সসীমা পরীক্ষা বছরের ০১ জানুয়ারী ন্যূনতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ বয়স ১৭ বছর।



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবার্জার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



৫. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ

ক্রমিক	বিবরণ	ফি এর হার
ক	রেজিস্ট্রেশন ফি	৪০.০০ টাকা
খ	রেড ক্রিসেন্ট ফি	২৪.০০ টাকা
গ	বিলম্ব ফি ব্যতিত মোট ফি	৬৪.০০ টাকা
ঘ	বিলম্ব ফি	৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে)
ঙ	বিলম্ব ফি সহ মোট ফি	১১৪.০০ টাকা

বিদ্রূপ: শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ২৭.০০.০০০০.০৭২.৪৪.০০২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি (২০+২০+২০)=৬০ (ষাট) টাকার ৬০% অর্থাৎ ৩৬/- (ছত্রিশ) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ২৪/- (চব্বিশ) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষার্থী ২০/- (বিশ) টাকা হারে রেড ক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সময় একত্রিত ও সময় করে নিজস্ব একাউন্টে সংরক্ষণ ও মাদ্রাসা বোর্ড বোর্ডকে প্রদান করবে।


- দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র এবং হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ছাত্র/ছাত্রীর নাম, পিতা/মাতার নামের পূর্বে বা পরে মৃত, হাজী, আলহাজ্জ, কর্ণেল, জজ, মেজর, ব্যারিস্টার, এ্যাডভোকেট, ডঃ, ডাক্তার, মাস্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যক্ষ, সুপার, মাওলানা, মৌলভী, হাফেজ, কারী, জনাব, সাহেব, মিস, মিসেস, মোসাম্মৎ, এম.এ, বি.এ ইত্যাদি লেখা যাবে না। এছাড়া সংক্ষিপ্ত কিংবা ডাক নামও উল্লেখ করা যাবে না।
- যে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে প্রথমতঃ কেন্দ্রীয় মাদ্রাসা প্রধানের সাথে এবং পরবর্তীতে আবেদনপত্রসহ বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করে সমাধান করে নিতে হবে।
- যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।
- কোন মাদ্রাসায় অতিরিক্ত কোন বিষয়ে ০৫ জনের কম শিক্ষার্থী হলে ঐ বিষয় নিতে পারবে না।

বিঃ দ্রঃ-

- ১) মাদ্রাসা কর্তৃপক্ষকে শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা একারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- ২) অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।

Help Line no- 01757291281, 01757291282, 01757291283

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৩.২০২১

(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক: সকল মাদ্রাসা প্রধান

(বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা)

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২১-২০৮



তারিখ: ১১ মার্চ, ২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৭. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।



U. 03.21
(তৈয়ব হোসেন সরকার)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৫৪০৩



BANGLADESH MADRASAH EDUCATION BOARD, DHAKA
TOT LIST FOR JUNIOR DAKHIL CERTIFICATE (JDC) REGISTRATION-2021

ZILLA CODE	:						ZILLA NAME	:	
UPZILLA/THANA CODE	:						UPZILLA/THANA NAME	:	
CENTER CODE	:						CENTER NAME	:	
POST OFFICE CODE	:						POST OFFICE NAME	:	
MADRASAH CODE	:						MADRASAH NAME	:	
EIIN NO	:								

[illegible]

TOTAL STUDENT:		GRAND TOTAL FEE:		TT NO:	
				DATE:	
				SONALI BANK BRANCH NAME:	

বোর্ড কর্তৃক মাস্টার শীকৃতি/অনুমতি পত্রের শারক নম্বর ও তারিখঃ.....

অনুমতি/শীকৃতির মোদাঃ.....

গভার্ণর বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মোদা উত্তীর্ণের তারিখঃ.....

- ১) উল্লেখিত শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় কোড ইত্যাদি সঠিকভাবে লেখা হয়েছে।
- ২) বিজ্ঞপ্তিতে উল্লেখিত রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত আবার কোন আবেদন করবো না।

অধিনায়ক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
জাঞ্চলিক কার্যালয়.....

সংক্রান্ত পরিদর্শক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
আঞ্চলিক কার্যালয়,.....

অধ্যক্ষ/সুপারভাইজারের স্বাক্ষর ও নামের সীল
তারিখঃ